

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/30/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

**গভর্নর কুওমো রাজ্যের পুলিশের হেট ক্রাইমস টাস্ক ফোর্সকে (STATE POLICE HATE CRIMES TASK FORCE) নির্দেশ দেন ব্রুকলিন জিউইশ চিল্ড্রেন্স মিউজিয়ামে (JEWISH CHILDREN'S MUSEUM) ইহুদী-বিরোধী নোটের তদন্তে সহায়তার জন্য**

"ক্রাউন হাইটস, ব্রুকলিনের জিউইশ চিল্ড্রেন্স মিউজিয়ামের সামনে লেখা ইহুদী-বিরোধী বার্তাটি আমার বিতৃষ্ণার কারণ। নিউ ইয়র্কে ইহুদী-বিরোধ, বৈষম্য বা কোন ধরনের ঘৃণার প্রতি আমাদের সহনশীলতা শূন্য, এবং কোনো ব্যক্তি তার ধর্মীয় বিশ্বাসের কারণে কখনোই নিজেকে বিপন্ন বোধ যেন না করেন।

আমি এই মহান জাদুঘরটি পরিদর্শন করেছি, এটি অ্যারি হ্যালবারস্টামের সম্মানে নির্মিত হয়েছিল, যিনি ব্রুকলিন সেতুতে (Brooklyn Bridge) ইহুদী-বিরোধী আক্রমণের ফলে মারা গেছিলেন, এটি অতীতে হুমকি পাওয়ার পরে। সহনশীলতা লালন করার উদ্দেশ্যে সকল বিশ্বাস ও পশ্চাদপটের শিশুদের একত্রিত করার জন্য নির্মিত এই প্রতিষ্ঠানটিকে লক্ষ্যবস্তু বানানোর কারণে এটি আরো বেশি জন্য এটি আরো বেশি পীড়াদায়ক মনে হয়।

আমাদের দেশে ইহুদী-বিরোধী এবং অন্যান্য ঘৃণা সংক্রান্ত অপরাধের পরে এটি আগের চেয়ে আরো বেশি গুরুত্বপূর্ণ যে আমরা সহিংসতার এই ঘৃণ্য ক্রিয়াকলাপগুলির নিন্দা করার জন্য এবং সমস্ত ধরনের ঘৃণা দূর করার জন্য ঐক্যবদ্ধ হই।

এই জঘন্য অপরাধের জন্য দায়ী ব্যক্তিদের আইনের সম্পূর্ণ বিস্তারে দায়বদ্ধ করা নিশ্চিত করার জন্য, আমি এই ঘটনার তদন্তে সহায়তা করার জন্য প্রয়োজনীয় যে কোনো সংস্থান প্রদান করে অবিলম্বে নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্টকে (New York Police Department, NYPD) প্রদান করতে রাজ্য পুলিশের হেট ক্রাইমস টাস্ক ফোর্সকে নির্দেশ দিচ্ছি। এখন এবং সর্বদা, আমাদের রাজ্যে ঘৃণার জন্য কোন স্থান নেই।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)